

মাস্টার অব ডেভেলপমেন্ট স্টাডিজ (MDS)

ভর্তি বিজ্ঞপ্তি : ১ম ব্যাচ, জুলাই ২০২৩

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওপেন স্কুল পরিচালিত মাস্টার অব ডেভেলপমেন্ট স্টাডিজ (এমডিএস) ১ম ব্যাচের (জুলাই, ২০২৩) ভর্তি কার্যক্রম শুরু হয়েছে। প্রোগ্রামটির টিউটোরিয়াল ক্লাস সমন্বিত পদ্ধতিতে (Blended mode) প্রতি শুক্র ও শনিবারে পরিচালিত হবে। সিমেন্টার শেষে পরীক্ষাসমূহ বাউবির মেইন ক্যাম্পাস, বোর্ডবাজার, গাজীপুরে সাপ্তাহিক ছুটির দিনে সরাসরি অনুষ্ঠিত হবে। শিক্ষাগত যোগ্যতার শর্ত পূরণকারী যে কোনো আগ্রহী ব্যক্তি আবেদন করতে পারবেন।

প্রোগ্রামের বৈশিষ্ট্য

- ০২ (দুই) বছর মেয়াদে ০৪ সিমেন্টারে (প্রতি সিমেন্টার ০৬ মাস) মোট ১৬টি কোর্স (৬৫ ক্রেডিট) সম্পন্ন করতে হবে।
- এমডিএস প্রোগ্রামের রেজিস্ট্রেশনের মেয়াদ ০৫ (পাঁচ) বছর পর্যন্ত বহাল থাকবে। এ সময়ের মধ্যে শিক্ষার্থীরা প্রোগ্রামটি সম্পন্ন করতে পারবেন।

আবেদনের ন্যূনতম যোগ্যতা

এমডিএস প্রোগ্রামে আবেদন করার ন্যূনতম যোগ্যতা হচ্ছে মানবিক, সামাজিক বিজ্ঞান, বিজ্ঞান, ব্যবসায় শিক্ষাসহ যে কোনো বিষয়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয়/কলেজ থেকে ৩/৪ বছর মেয়াদি স্নাতক ডিগ্রি অথবা যে কোনো বিষয়ে একটি মাস্টার্স ডিগ্রিসহ ২ বছর মেয়াদি স্নাতক (পাস)। শিক্ষা জীবনের যে কোনো পর্যায়ে অনধিক একটি ওয় বিভাগ/শ্রেণি বা সমমানের সিজিপিএ থাকলেও আবেদন করা যাবে। অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার ফলাফল, মাস্টার্স/উচ্চতর ডিগ্রি) আবেদনকারীর ভর্তি পরীক্ষার ফলাফলে স্কোর হিসেবে যুক্ত হবে।

ভর্তি সংক্রান্ত তথ্য

- শুধু Online-এ আবেদন করা যাবে।
- আবেদনের ওয়েবসাইট: <https://osapsnew.bou.ac.bd>
- অনলাইনে আবেদনের সময়: ২৫ মে - ১০ জুলাই, ২০২৩
- প্রাথমিকভাবে মনোনীতদের তালিকা প্রকাশ: ১৬ জুলাই, ২০২৩
- মৌখিক পরীক্ষা: ২১-২২ জুলাই, ২০২৩
- চূড়ান্তভাবে নির্বাচিতদের তালিকা প্রকাশ: ২৫ জুলাই, ২০২৩
- ভর্তি ফি জমা দিয়ে ভর্তি সম্পন্ন: ২৮ জুলাই - ১৪ আগস্ট, ২০২৩

ফি সংক্রান্ত তথ্য

- আবেদন ফরম ফি : ১০০০/-
- কোর্স রেজিস্ট্রেশন ফি (প্রতি কোর্স ৩০০০/-): $8 \times 3000 = 24,000/-$
- সেশন ফি: ২০০০/-
- পরীক্ষা ফি (প্রতি সিমেন্টার): ৪০০০/-
- প্রজেন্টেশন ফি (প্রতি সিমেন্টার): ৫০০/-
- একাডেমিক ক্যালেন্ডার ফি (প্রতি বছর): ১০০/-
- ডিজিটাল আইডি কার্ড ফি: ২০০/-
- সিমেন্টার নম্বরপত্র: ৩০০/-
- মোট ভর্তি ফি (১ম সিমেন্টার, আবেদনপত্র ব্যতীত): ১৯,১০০/-

অনলাইনে আবেদন প্রক্রিয়া

- যে কোনো ব্রাউজারের Address bar-এ <https://osapsnew.bou.ac.bd> টাইপ করে ব্রাউজ করুন।
- Offered Programs সেকশন এর অধীনে Open School (OS)-এ ক্লিক করে Master of Development Studies (MDS)-এর পাশে প্রদর্শিত Apply Now বাটনে ক্লিক করুন। MDS- এ ভর্তি নির্দেশাবলি গুরুত্ব সহকারে পড়ে পুনরায় Apply Now বাটনে ক্লিক করুন।
- অনলাইন-এ আবেদন ফরমটির General Information ধাপ যথাযথভাবে পূরণ করে Next বাটনে ক্লিক করুন।
- Personal Information ধাপ যথাযথভাবে পূরণ করে সাম্প্রতিক তোলা ফটো (300x300 JPG Format) এবং আপনার স্ক্যান করা স্বাক্ষর (300x100 JPG Format) আপলোড করে Next বাটন ক্লিক করুন।
- Academic Information ধাপে আপনার শিক্ষাগত যোগ্যতার তথ্য সঠিকভাবে পূরণ করুন এবং অভিজ্ঞতার তথ্য (যদি থাকে) Professional Information ধাপে সঠিকভাবে পূরণ করে Finish বাটনে ক্লিক করুন।
- সঠিকভাবে ফরম পূরণ শেষে আপনার মোবাইলে SMS এবং ই-মেইলে Temporary User ID ও Password প্রেরণ করা হবে।
- Proceed to Payment বাটনে ক্লিক করার পর প্রদর্শিত Online Payment Gateway সমূহ থেকে যে কোনোটির মাধ্যমে ফি জমা দেয়া যাবে। সফলভাবে ফি জমাদান শেষে "Payment has been completed successfully!" মেসেজ প্রদর্শিত হবে এবং SMS ও ই-মেইলের মাধ্যমে অবহিত করা হবে।
- আপনার মোবাইল ফোনে বাউবি থেকে প্রেরিত Temporary User ID ও Password ব্যবহার করে প্রদর্শিত আবেদনপত্রটি প্রিন্ট করে সংরক্ষণ করুন। মৌখিক পরীক্ষার সময় মুদ্রিত আবেদনপত্র, এক সেট ফটোকপিসহ শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র ও নম্বরপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে।
- আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর প্রাথমিকভাবে মনোনীত আবেদনকারীগণকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে। এদের তালিকা বাউবির ওয়েব সাইটে দেয়া হবে। এছাড়া প্রাথমিকভাবে মনোনীতদের মোবাইলে SMS- এর মাধ্যমেও বিষয়টি নিশ্চিত করা হবে।
- মৌখিক পরীক্ষার মাধ্যমে চূড়ান্তভাবে নির্বাচিতদেরকে ফি এবং কাগজপত্র জমাদানসহ সামগ্রিক ভর্তি প্রক্রিয়া সম্পর্কে পরবর্তীতে জানিয়ে দেয়া হবে।
- অনলাইনে আবেদন, ফি জমাদান অথবা অন্য যে কোনো বিষয়ে সমস্যা হলে কিংবা কোনো পরামর্শ/অভিযোগ থাকলে OSAPS-এর হেল্পলাইন নম্বরে (০১৬১৮-৯৭৭২৩৩৭, ০১৯০৭-৪৫১৬১২; সকাল ৮টা থেকে বিকাল ৪টা পর্যন্ত, রবিবার থেকে শুক্রবার) ফোন অথবা help.osaps@bou.ac.bd আই.ডি'তে ই-মেইল করতে পারেন। প্রয়োজনে ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আইসিটি হেড, আইসিটি এন্ড ই-লার্নিং সেন্টার, বাউবি'তে যোগাযোগ করতে হবে। প্রোগ্রাম বিষয়ে যে কোনো তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন- ০১৭৭৫-৩৭৮৮১৬ (প্রোগ্রাম সমন্বয়কারী)।

ক্লাস শুরু:

ওরিয়েন্টেশন- ১৮ আগস্ট, ২০২৩

টিউটোরিয়াল ক্লাস- ২৫ আগস্ট, ২০২৩

ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লিখিত যে কোনো তথ্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং পরিবর্তন করতে পারবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং সংশ্লিষ্ট বিধি-বিধান সকল আবেদনকারী শিক্ষার্থীর জন্য প্রযোজ্য হবে।

ড. মোঃ শহীদুর রহমান
সভাপতি, ভর্তি কমিটি, ওপেন স্কুল, বাউবি
ফোন # ০১৩১৫-৩৭১৭৮০